



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-ক/অ/

তারিখঃ

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

প্রাপক : অধ্যক্ষ
চন্ডিপুর বিষ্ণুপদ স্কুল এন্ড কলেজ
ডাক : চন্ডিপুর বাজার, জেলা : ঝিনাইদহ।

বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ভূগোল বিষয় খোলার মেয়াদ বৃদ্ধিসহ ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহনের বিশেষ অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) আপনার ২২-০৭-২০১৪ তারিখের আবেদন
খ) NCTB কর্তৃক প্রণীত সংশোধিত বিষয়কাঠামো সম্পর্কিত নির্দেশনাবলী।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, আপনার কলেজের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ভূগোল বিষয় খোলার মেয়াদ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ পর্যন্ত বৃদ্ধি করে ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহনের বিশেষ অনুমতি প্রদান করা হল।

শর্তাদি :

- ১। কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ২। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ১০০০/- (এক হাজার) টাকা জমা করে বিশেষ অনুমতি নিতে হবে।
- ৩। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, ইংরেজি-বাংলা ও বাংলা-ইংরেজি অভিধানসমূহসহ পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- ৪। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

স্বাক্ষর :-

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং-ক/অ/ ১৫২১(৭)৪

তারিখঃ ২০/৮/১৪

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

২০/৮/১৪